নিষিদ্ধ আ.লীগের বিক্ষোভ ঘিরে গোপালগঞ্জে সংঘর্ষ, আহত ২০



ছবি: সংগৃহীত

গোপালগঞ্জে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের বিক্ষোভ মিছিলকে কেন্দ্র করে দুই গ্রামের বাসিন্দাদের মধ্যে সংঘর্ষ হয়েছে। এতে চারজন গুলিবিদ্ধসহ অন্তত ২০ জন আহত হয়েছেন। এ সময় ককটেল বিস্ফোরণ ও কয়েকটি ব্যবসাপ্রতিষ্ঠানে ভাঙচুরের ঘটনা ঘটে।

সোমবার (২৩ নভেম্বর) সন্ধ্যায় শহরের পুরাতন লঞ্চঘাট এলাকার গোলচত্বরে চরমানিকদাহ ও ঘোষেরচর গ্রামের বাসিন্দাদের মধ্যে এ সংঘর্ষ হয়। প্রত্যক্ষদর্শীরা জানান, বিক্ষোভ মিছিল ঘিরে দুই গ্রামের লোকজন সেখানে জড়ো হন। একপর্যায়ে দুই যুবকের কথা-কাটাকাটি থেকে সংঘর্ষ ছড়িয়ে পড়ে। প্রায় এক ঘণ্টা ধরে চলা সংঘর্ষে চারটি ককটেল বিস্ফোরিত হয়।

আহতদের গোপালগঞ্জ মেডিকেল কলেজ হাসপাতাল ও জেনারেল হাসপাতালে নেওয়া হয়। গুলিবিদ্ধ চারজনই চরমানিকদাহ গ্রামের বাসিন্দা। তাঁরা হলেন জাহিদুর রহমান প্রান্ত, রাকিবুল মোল্লা, সাহাবুল মোল্লা ও জাহিদ মোল্লা।

পরে পুলিশ ও বিজিবির টহল দল ঘটনাস্থলে পৌঁছালে সংঘর্ষে জড়িত ব্যক্তিরা সরে যান। গোপালগঞ্জ সদর থানার ওসি মোহাম্মদ আমিনুল ইসলাম বলেন, সংঘর্ষের খবর পেয়েছেন। বিস্তারিত জেনে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।